# যুগান্তর

তারিখ 23 OCT 2017
পৃষ্ঠা ১৪ কলাম ২

# আধুনিক শিক্ষায় গড়ে তুলছে শিক্ষার্থীদের

**খোরশেদ আলম শিকদার**

মান্নান হাইস্কুল অ্যান্ড কলেজ আধুনিক শিক্ষায় গড়ে তুলছে শিক্ষার্থীদের আলোকিত ভবিষ্যৎ। পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসিতে প্রতিবছরই সন্তোষজনক ফলাফল অর্জন করে শিক্ষার্থীরা। যাত্রাবাড়ী থানায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) ৬৪ নং ওয়ার্ডের (সাবেক মাতুয়াইল ইউপির ৪ নম্বর ওয়ার্ড) পাড়াডগার (কোনাপাড়া) এ শিক্ষা প্রতিষ্ঠান অবস্থিত।

মাতুয়াইল মাঝপাড়া নিবাসী শিক্ষানুরাগী আলহাজ আবদুল মান্নান সাদু জমি ও অর্থ দিয়ে ১৯৮৩ সালে তার নিজের নামে মান্নান উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন।



**সরেজমিন শিক্ষা প্রতিষ্ঠান**

**মান্নান হাইস্কুল অ্যান্ড কলেজ**

প্রতিষ্ঠার পর থেকেই এলাকায় শিক্ষার আলো ছড়াচ্ছে বিদ্যালয়টি। বর্তমানে কলেজে উন্নীত করা হয়েছে।

বিদ্যালয়ে ইউ শেপ্ট আকৃতির আধুনিক ভবন রয়েছে। এতে ২১টি কক্ষ রয়েছে। প্রশাসনিক কক্ষ, মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষ, কম্পিউটার ল্যাব, বিজ্ঞানাগার ইন্টারনেট কানেকশন সবই স্থাপন করা হয়েছে এ বিদ্যালয়ে। একঝাঁক দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী ও অভিভাবকদের চেষ্টা এবং রয়েছে এলাকাবাসীর আন্তরিক সহযোগিতা। যার ফলে ২০১৬ সালে জেএসসি পরীক্ষায় যাত্রাবাড়ী থানায় ২৩টি স্কুলের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে।

বিদ্যালয়ে প্রাথমিকে ৫ জন, মাধ্যমিকে ১৮ জন ও উচ্চ মাধ্যমিকে ১৬ জন শিক্ষক-কর্মকর্তা কর্মরত রয়েছেন। ৩য় ও ৪র্থ শ্রেণীতে ৩ জন কর্মচারী রয়েছেন। বিদ্যালয়ে ৫০ শতকের একটি মাঠ রয়েছে। শিক্ষার্থী রয়েছে প্রাথমিকে ছাত্র ১১৬, ছাত্রী ১২৩ জন। মাধ্যমিকে ছাত্র ৫৪৫, ছাত্রী ৬৭০ জন। এইচএসসিতে ১ম বর্ষে-১৫৫ জন, ২য় বর্ষে ১১৭ জন শিক্ষার্থী রয়েছে।

২০১২ সালের ১ জুলাই উচ্চ মাধ্যমিক শিক্ষাবর্ষ চালু করা হয়। উচ্চ মাধ্যমিকে একাডেমিক স্বীকৃতির তারিখ ৩১ ডিসেম্বর ২০১৩। ২০১৪ সালে কলেজের প্রথম এইচএসসি পরীক্ষায় ৭৪ জন পরীক্ষার্থীর সবাই পাস করেছে। বর্তমানে কলেজে ১ম বর্ষে ১৫৫ জন, ২য় বর্ষে ১৭৭ জন শিক্ষার্থী রয়েছে।

এদিকে নির্বাচন ছাড়াই তিনবার মান্নান হাইস্কুল অ্যান্ড কলেজ গভর্নিংবডির কমিটি গঠনের অভিযোগ রয়েছে। সর্বশেষ গঠিত গভর্নিংবডির মেয়াদকাল ১৮ ডিসেম্বর ২০১৫ থেকে ১৭ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত। গভর্নিংবডির নির্বাচনের সময় খুবই সন্নিকটে। সে লক্ষ্যে বিদ্যালয়ে ভোটার তালিকাও চূড়ান্ত করা হয়েছে। এতে মাধ্যমিকে ভোটার সংখ্যা ১০৮৫, কলেজে ২৫৩ জন। গভর্নিংবডির আগামী কমিটি যাতে নির্বাচনের মাধ্যমে গঠন করা হয় সেজন্য শিক্ষা মন্ত্রণালয়ের হস্তক্ষেপ চেয়েছেন শিক্ষার্থী ও অভিভাবকরা।

বিদ্যালয় গভর্নিংবডির দাতা সদস্য খালেদ আহমেদ শিশু বলেন, তিনবার বিদ্যালয় গভর্নিংবডির কমিটি পকেট কমিটি হিসেবে গঠন করা হয়েছে। বর্তমান কমিটির মেয়াদ শেষ হওয়ার পথে। আগামী কমিটিও নির্বাচন ছাড়া পকেট কমিটি গঠনের পাঁয়তারা চলছে। তিনি নির্বাচনের মাধ্যমে কমিটি গঠনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের হস্তক্ষেপ চেয়েছেন।

বিদ্যালয় গভর্নিংবডির সভাপতি মো. গোলাম মোর্শেদ অরুণ বলেন, নিয়মানুবর্তিতা ও শিক্ষার গুণগতমান ধরে রাখাসহ আধুনিক শিক্ষা কার্যক্রমে শিক্ষকদের নিরলস প্রচেষ্টা আর পরিচালনা কমিটির তদারকিতে বিদ্যালয়টিতে ভালো ফলাফল নিশ্চিত হয়েছে। শিক্ষক-শিক্ষিকা এবং গভর্নিংবডির সদস্যদের চেষ্টায় বিদ্যালয়টি আগামীতে আরও ভালো ফলাফল করবে বলে তিনি আশাবাদী।

মান্নান হাইস্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) মো. আনোয়ার হোসেন যুগান্তরকে বলেন, ঢাকা-৫ আসনের সংসদ সদস্য মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান মোল্লার দিকনির্দেশনায় এ ফলাফল অর্জিত হয়েছে। সঙ্গে রয়েছে গভর্নিংবডির সদস্যদের নিরলস প্রচেষ্টা। তিনি গভর্নিংবডির নির্বাচন সম্পর্কে বলেন, গভর্নিংবডির নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ভোটার তালিকা চূড়ান্ত করা হয়েছে।